12 FEB 2017

দৈনিক জনকণ্ঠ



*পীরগঞ্জ : উপজেলার ভাকুড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় ভবন পরিত্যক্ত হওয়ায় গাছের নিচে পাঠদান চলছে* *-জনকণ্ঠ*

# স্কুল ভবন পরিত্যক্ত ॥ গাছ তলায় পাঠদান

**সংবাদদাতা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও, ১১ ফেব্রুয়ারি ॥** পীরগঞ্জ উপজেলার ভাকুড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন অধিক ঝুঁকিপূর্ণ ও পরিত্যক্ত হওয়ায় দীর্ঘদিন ধরে স্কুলের সামনে মাঠে গাছের নিচে চলছে পাঠদান। নিরাপত্তাজনিত কারণে ক্রমেই কমছে শিক্ষার্থীদের উপস্থিতি। দুই বছর পূর্বে ভবনটি ঝুঁকিপূর্ণ ও পরিত্যক্ত ঘোষণা করা হয়েছে। এখনও পর্যন্ত নতুন ভবন নির্মাণের কোন অর্থ বরাদ্দ পাওয়া যায়নি। ফলে নতুন ভবন নির্মাণ করা সম্ভব হচ্ছে না। শিক্ষার্থীদের পাঠদান কোথায় করানো হবে সেই বিষয়ে কোন দিক-নির্দেশনা দেয়নি কর্তৃপক্ষ। ফলে শিক্ষকরা নিজেদের উদ্যোগে মাঠের মধ্যেই ক্লাস করাচ্ছেন। তিন কক্ষবিশিষ্ট ভবনটি নির্মাণের সময় নিম্নমানের উপকরণ ব্যবহার করায় এবং দুই দফা ভূমিকম্প হওয়ায় ভবনের বিভিন্ন জায়গায় ফাটল ধরেছে। উপজেলা প্রকৌশলী তাজমিল খান সরেজমিন গিয়ে বিদ্যালয়টিকে ঝুঁকিপূর্ণ ও পরিত্যক্ত ঘোষণা করেন। অভিভাবক ও শিক্ষার্থীরা জানান, বর্ষাকালে ও প্রচণ্ড গরমে খোলা আকাশের নিচে পাঠদান মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। প্রথম থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত দুই শতাধিক ছাত্রছাত্রী খোলা আকাশের নিচে অধ্যয়ন করায় অনেকেই পাঠদানে অমনোযোগী ও নানা রোগ-ব্যাধিতে ভুগছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোকসেদ আলী জানান, ভবনটি অধিক ঝুঁকিপূর্ণ হওয়ায় ও শিক্ষার্থীদের জীবনের নিরাপত্তার কথা বিবেচনা করেই মাঠে পাঠদান করানো হচ্ছে।